# রাজশাহী সিটি কর্পোরেশন
## রাজশাহী
erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ৭ম পরিষদের ১ম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ. এইচ. এম খায়রুজ্জামান (লিটন), মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : **২০.১০.২০২৩ খ্রিষ্টাব্দ (০৪.০৭.১৪৩০ বঙ্গাব্দ)**, বেলা ১০.৩০ ঘটিকা।
স্থান : নগর ভবনের নির্ধারিত সভাকক্ষ (এনেক্স ভবন),
উপস্থিতি : পরিশিষ্ট 'ক', অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ' এবং পরলোকগতদের তালিকা : পরিশিষ্ট 'গ'

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। অতঃপর সভার আলোচ্যসূচির ক্রমিক অনুযায়ী আলোচনার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন। তৎপ্রেক্ষিত সভায় যথাক্রমে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**আলোচ্যসূচি- ০১: রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক) এর জনসংযোগ শাখা হতে প্রাপ্ত তথ্যানুযায়ী পরলোকগতদের জন্য শোক প্রস্তাব গ্রহণ**

**আলোচনা :** অত্র কর্পোরেশনের ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভা হতে ৭ম পরিষদের ১ম সাধারণ সভা পর্যন্ত সময়কালে যে সকল বিশিষ্ট ব্যক্তিবর্গ পরলোকগমন করেছেন তাঁদের নামের তালিকা (পরিশিষ্ট-'গ') সভায় উপস্থাপিত হয়। সভাপতির অনুমতিক্রমে এ বিষয়ে ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর গাজায় বসবাসকারী যে সকল নাগরিক ইসরাইলের হামলায় নিহত হয়েছেন তাদের বিষয়ে শোক প্রস্তাব করলে উপস্থিত সকলে একমত পোষণ করেন। পরিশিষ্ট-'গ' তে বর্ণিত ২৩ (তেইশ) জনসহ সম্প্রতি ইসরাইলের হমলায় যে সকল ফিলিস্তিনি নাগরিক পারোলকগমন করেছেন তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

**সিদ্ধান্ত :** অত্র কর্পোরেশনের ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভা হতে ৭ম পরিষদের ১ম সাধারণ সভা পর্যন্ত পরলোকগত (পরিশিষ্ট-'গ' তে বর্ণিত) ব্যক্তিবর্গসহ সম্প্রতি ইসরাইলের হমলায় যেসকল ফিলিস্তিনি নাগরিক পারোলকগমন করেছেন তাঁদের অনুকূলে শোক প্রস্তাব গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ০২: গত ০৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়করণ**

**আলোচনা :** প্রধান নির্বাহী কর্মকর্তা গত ০৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ শ্রবনান্তে ২৫ ও ২৬ নং সিদ্ধান্ত অধিকতর পর্যালোচনার জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনসহ অন্যান্য সিদ্ধান্তসমূহ কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে অনুমোদনের পক্ষে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** গত ০৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভায় গৃহীত ২৫ ও ২৬ নং সিদ্ধান্ত অধিকতর পর্যালোচোনার জন্য আগামী সাধারণ সভায় উপস্থাপনসহ অন্যান্য সিদ্ধান্তসমূহ কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে দৃঢ়করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ০৩: পূর্ববর্তী পরিষদের সর্বশেষ সভার পর অনুষ্ঠিত স্থায়ী কমিটিসমূহের সুপারিশগুলো সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

(১) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটির নিম্নোক্ত সভাসমূহের সুপারিশ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ
(ক) ০৫-০৩-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৬ (ছয়) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।
(খ) ০৯-০৪-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০২ (দুই) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

**আলোচনা :** উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এবং (খ) এর সভার সর্বমোট ০৮ (আট) টি সুপারিশ অনুমোদিত হয়। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী, রাসিক।

**(২) পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির নিম্নোক্ত সভাসমূহের সুপারিশ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**
(ক) ২১-০৯-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার ০৪ (চার) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

**আলোচনা :** উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর সভার সর্বমোট ০৪ (চার) টি সুপারিশ অনুমোদিত হয়। **বাস্তবায়নে :** পরিবেশ উন্নয়ন কর্মকর্তা, রাসিক।

**(৩) শিক্ষা,স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির নিম্নোক্ত সভাসমূহের সুপারিশ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**
(ক) ১৪-০৫-২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভা ও ১৬-০৫-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার ০২ (দুই) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

**আলোচনা :** উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** শিক্ষা,স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির উপরোল্লিখিত (ক) এর সভার সর্বমোট ০২ (দুই) টি সুপারিশ অনুমোদিত হয়। **বাস্তবায়নে :** প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক।

**(৪) রাজশাহী সিটি কর্পোরেশন ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় আয়োজিত রাজশাহী সিটি কর্পোরেশনের এসডিএল ছয় (৬) দিন ব্যাপি (১৪.১০.২০২৩-১৯.১০.২০২৩) কর্মসূচির প্রস্তুতি সভার সুপারিশসমূহ পাঠ ও অনুমোদন।**

(ক) ০৯-১০-২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার ০৫ (পাঁচ) টি সুপারিশ সভায় উপস্থাপিত হয়।

**আলোচনা :** উপস্থাপিত সুপারিশসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের পক্ষে সভার সম্মানিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহী সিটি কর্পোরেশন ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় আয়োজিত রাজশাহী সিটি কর্পোরেশনের এসডিএল ছয় (৬) দিন ব্যাপি (১৪.১০.২০২৩-১৯.১০.২০২৩) কর্মসূচির প্রস্তুতিমূলক উপরোল্লিখিত (ক) এর সভার সর্বমোট ০৫ (চার) টি সুপারিশ যথাক্রমে (১) 'স্মার্ট রাজশাহী সিটি বিনির্মানে ডিজাইন ও পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে 'স্মার্ট বাংলাদেশ ডিজাইন ল্যাব (**SDL**) কর্মশালা ব্যবস্থাপনাসহ চেকলিস্ট করার জন্য ৮ (আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের সর্বসম্মত সুপারিশ অনুমোদন। প্রস্তাবিত কমিটির রুপরেখা : আহবায়ক রাসিক, প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব আবু সালেহ মোঃ নূর-ঈ-সাইদ, crorcc@gmail.com মোবাইল নং- ০১৭৩৩৭১৭৬৭৭ ও সদস্য-সচিব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই(a2i), চীফ ই-গভর্ন্যান্স স্পেশালিষ্ট জনাব ফরহাদ জাহিদ শেখ, forhad.zahid@a2i.gov.bd মোবাইল নং-০১৭১১-৬১৮৩৬৮। কমিটির অন্যান্য সদস্যগণ হলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই(a2i) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) জনাব মামুনুর রশীদ ভূঞা pd@a2i.gov.bd মোবাইল নং- ০১৭১১-৫৭২০৩০, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), moyeenrcc@gmail.com, মোবাইল নং- ০১৭১২৮৩৫৫২৯, নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), rccplanning21@gmail.com, মোবাইল নং- ০১৭১৮০১৭৫৫৫, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) sweet_eee86@yahoo.com, মোবাইল নং- ০১৭১২৪৯৮৫৪৪ ও সহকারী প্রোগ্রামার জনাব মোঃ রেজওয়ানুল হুদা, hudarezwanul.rcc@gmail.com, মোবাইল নং- ০১৭৫৬৫৩৮০০৮, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই(a2i) ন্যাশনাল কনসালটেন্ট (কোঅর্ডিনেটর) জনাব আশিকুল আজিজ শেখ, ashiqul.aziz@a2i.gov.bd মোবাইল নং- ০১৭৩০-৭১৭৪৮২, । কমিটি প্রয়োজনে সদস্য কোঅপট করতে পারবেন। (২) 'স্মার্ট বাংলাদেশ ডিজাইন ল্যাব (**SDL**) কর্মশালা আয়োজনে আনুমানিক ৩০,০০,০০০.০০ (ত্রিশ) লক্ষ টাকা ব্যয়ভার বহনের সর্বসম্মত প্রাথমিক সুপারিশ অনুমোদন। (৩) আগামী ১৪ অক্টোবর হতে ১৯ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত ছয় দিন ব্যাপি 'স্মার্ট বাংলাদেশ ডিজাইন ল্যাব (**SDL**) কর্মশালা পর্যটন/সুবিধাজনক স্থানে আয়োজনে এটুআই(a2i) কে রাজশাহী সিটি কর্পোরেশন প্রয়োজনীয় সহযোগিতা দেবে মর্মে সর্বসম্মত গৃহীত সুপারিশ অনুমোদন। (৪) আইসিটি বিভাগ বরাবর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের একটি পত্র প্রদানের সর্বসম্মত গৃহীত সুপারিশ অনুমোদন। (৫) 'স্মার্ট বাংলাদেশ ডিজাইন ল্যাব (**SDL**) কর্মশালায় রাজশাহী সিটি কর্পোরেশন হতে বাজেট অনুযায়ী যে ২৫ (পঁচিশ) জন কর্মকর্তা উক্ত কর্মশালায় অংশগ্রহণ করবে তার তালিকা প্রণয়নের লক্ষ্যে সহকারী প্রোগ্রামার জনাব মোঃ রেজওয়ানুল হুদা কমিটির মাধ্যমে উক্ত তালিকা প্রস্তুতপূর্বক সচিবালয় বিভাগকে অবহিত করবেন। পরবর্তীতে সাধারণ প্রশাসনিক শাখার মাধ্যমে কর্মকর্তাগণের তালিকার অফিস আদেশ জারি প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। কর্পোরেশন তহবিলের আর্থিক স্বচ্ছলতা সাপেক্ষে 'স্মার্ট বাংলাদেশ ডিজাইন ল্যাব (**SDL**) বাজেটসহ সকল প্রকার আর্থিক ব্যবস্থাপনা আইসিটি শাখার মাধ্যমে পরিচালিত হবে মর্মে সর্বসম্মত গৃহীত সুপারিশ অনুমোদিত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ০৪: বিভিন্ন অপরিহার্য/মানবিক ব্যয়সমূহের ভূতাপেক্ষ অনুমোদন**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। গত ২১.০৫.২০২৩ খ্রি: তারিখে রাজশাহী সিটি কর্পোরেশনের নির্বাচনী তফসীল অনুসরণে মাননীয় মেয়র নির্বাচনে পুনরায় প্রার্থী হওয়ার লক্ষ্যে পদত্যাগ করেন। পুন:নির্বাচিত হয়ে ১৫.১০.২০২৩ খ্রি: তারিখে দায়িত্ব গ্রহণ করার পূর্ব সময় পর্যন্ত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রধান নির্বাহী কর্মকর্তার উপর ন্যস্ত হওয়ায় উক্ত সময়ে কর্পোরেশনের প্রয়োজনে/মাননীয় মেয়রের পরামর্শে নিম্নোক্ত ছকে বর্ণিত ব্যয়ভার নির্বাহ করা হয়েছে।

| ক্র: নং | বিষয় | তারিখ | ব্যয়িত অর্থ |
|---|---|---|---|
| ০১ | "Jaisalmer Beat" এর সাংস্কৃতিক উৎসব-২০২৩ | ০৫.০৯.২০২৩ | ৬৬০৫৫১.০০ |
| ০২ | পারস্পারিক শিখন কর্মসূচীর আওতায় খুলনা সিটি কর্পোরেশনের নবনির্বাচিত পরিষদের আগমন উপলক্ষে ব্যয় | ১১.০৯.২০২৩-১২.০৯.২০২৩ | ১২০৫৫০.০০ |
| ০৩ | পারস্পারিক শিখন কর্মসূচীর আওতায় গাজিপুর সিটি কর্পোরেশনের নবনির্বাচিত পরিষদের আগমন উপলক্ষে ব্যয় | ১৯.০৯.২০২৩-২০.০৯.২০২৩ | ২০৭৯১০.০০ |
| ০৪ | পারস্পারিক শিখন কর্মসূচীর আওতায় সিলেট সিটি কর্পোরেশনের নবনির্বাচিত পরিষদের আগমন উপলক্ষে ব্যয় | ১৭.১০.২০২৩-১৮.১০.২০২৩ | ৬৪৬৩৩৫.০০ |
| ০৫ | রাজশাহী সিটি কর্পোরেশনের নবনির্বাচিত কাউন্সিলরবৃন্দের এন.আই.এল.জি'তে প্রশিক্ষণে অংশগ্রহণ বাবদ ব্যয় | ২৩.০৯.২০২৩-২৭.০৯.২০২৩ | ৩০০০০০.০০ |
| ০৬ | রাজশাহী সিটি কর্পোরেশনের পুনঃনির্বাচিত/নবনির্বাচিত পরিষদের অভিষেক অনুষ্ঠান উপলক্ষে ব্যয় | ১৫.১০.২০২৩ | ৭৩৭৮২০.০০ |
| ০৭ | রাজশাহী সিটি কর্পোরেশনের নবনির্বাচিত পরিষদের সপথ গ্রহণ অনুষ্ঠান বাবদ ব্যয় | ০৩.০৭.২০২৩ | ১৫৮৮০৫০.০০ |
| ০৮ | বৃটিশ হাইকমিশনার এর সম্মানে গ্রান্ড ডিনার ও উপহার সামগ্রী প্রদান উপলক্ষে ব্যয় | ১৪.১০.২০২৩ | ৩৭৫০০০.০০ |
| ০৯ | শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে ব্যয় | ১৮.১০.২০২৩ | ৮৩৪০৫.০০ |
| ১০ | জুলাই ২০২৩ হতে ১২ অক্টোবর ২০২৩ পর্যন্ত বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রদেয় অনুদান সম্পর্কে অবহিতকরণ। | ১০ টি প্রতিষ্ঠান/ব্যক্তি | ৩৫৮৫৪৮০.০০ |

উক্ত বিষয়ে সভায় ৫, ১২ ও ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর তাদের অভিব্যক্তি ব্যক্ত করেন এবং কর্পোরেশনের যেকোন ব্যয় অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির মাধ্যমে নির্বাহের প্রসঙ্গ তুলে ধরেন। এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; সরকারি নির্দেশনা/ কর্পোরেশন কর্তৃপক্ষের গোচরে/পরামর্শে বিভিন্ন অনুষ্ঠান পরিচালিত হয়েছে। কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট এখনো প্রণয়ন হয়নি। বাজেট প্রণয়নে বিষয়টি অবহিতকরণপূর্বক ও অন্তর্ভুক্তির লক্ষ্যেই সভায় উপস্থাপিত হয়েছে। মাননীয় মেয়র আলোচ্য বিষয়ে সকলকে সম্মতি প্রদানপূর্বক ভবিষ্যতে যে কোন বড় ধরনের ব্যয় অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সুপারিশ নিয়ে অত্র সভায় অনুমোদন গ্রহণের পরামর্শ দেন। এ প্রসঙ্গে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** আলোচিত উপরিউল্লিখিত ছকে বর্ণিত ব্যয়সমূহ (১০টি খাতে সর্বমোট ৮৩০৫১০১.০০) ভূতাপেক্ষ অনুমোদনসহ ভবিষ্যতে কর্পোরেশনের সকল আর্থিক ব্যয় অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির অনুমোদনপূর্বক নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ০৫: স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৪৬ (২) ধারা মতে "নির্বাহী ক্ষমতা ও কার্য পরিচালনা" বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয়কে দায়িত্ব প্রদানের পক্ষে উপস্থিত সকলেই একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৪৬ (২) ধারা মতে "নির্বাহী ক্ষমতা ও কার্য পরিচালনা" বিষয়ে মাননীয় মেয়র মহোদয়কে দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ০৬: THE MUNICIPAL CORPORATIONS (TAXATION) RULES, ১৯৮৬ এর ২৬ (a) হইতে (e) পর্যন্ত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয়কে দায়িত্ব প্রদানের পক্ষে উপস্থিত সকলেই একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** THE MUNICIPAL CORPORATIONS (TAXATION) RULES, ১৯৮৬ এর ২৬ (a) হইতে (e) পর্যন্ত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা প্রদানের দায়িত্ব মাননীয় মেয়র মহোদয়কে দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ০৭: রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট দাবীকৃত সরকারের ডিএসএল পাওনা নিস্পত্তি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন; রাজশাহী সিটি কর্পোরেশনের ২৫ টি অনুমোদিত প্রকল্প জিওবি অর্থে ব্যাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কখনো সরকারের ঋনের মাধ্যমে কোন প্রকল্প গ্রহণ বা কোন ঋন চুক্তি করেনি। ডিএসএলের সকল পাওনা হতে রাজশাহী সিটি কর্পোরেশন কে অব্যহতি দিয়ে ৩ টি চলমান প্রকল্প 'রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন', 'শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান এর সমাধিসৌধ নির্মাণ', 'হযরত শাহ মখদুম রুপোশ (র.) দরগাহ শরীফের উন্নয়ন', প্রকল্পের অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ ও অর্থ মন্ত্রাণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয়তা রয়েছে। বিস্তারিত আলোচনান্তে বিষয়টি দ্রুত নিস্পত্তির জন্য স্থানীয় সরকার বিভাগ ও অর্থ মন্ত্রাণালয়ে পত্র প্রেরণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট দাবীকৃত সরকারের ডিএসএল পাওনা দ্রুত নিস্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ ও অর্থ মন্ত্রাণালয়ে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ০৮: পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান রাজস্ব কর্মকর্তা বিস্তারিতভাবে সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনায় দ্রুততম সময়ের মধ্যে এ্যাসেসমেন্ট কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** দ্রুততম সময়ের মধ্যে পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি-০৯: সরকারি ও বেসরকারি হোল্ডিং করের উপর ১৫% সারচার্জ আরোপ ও মওকুফকরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান রাজস্ব কর্মকর্তা বিস্তারিত সভাকে অবহিত করেন। এ বিষয়ে ০৫ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর সরকারি ও বেসরকারি হোল্ডিং করের উপর ১৫% সারচার্জ মওকুফকরণের বিষয়ে মাননীয় মেয়র কে ক্ষমতা প্রদানের প্রস্তাব দিলে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** সরকারি ও বেসরকারি হোল্ডিং করের উপর ১৫% সারচার্জ মওকুফকরণের বিষয়ে মাননীয় মেয়র কে ক্ষমতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ১০: ইন্টারনেট ও ডিস লাইন প্রদানকারীর উপর ট্যাক্স নির্ধারণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান রাজস্ব কর্মকর্তা বিস্তারিত সভাকে অবহিত করেন। এবিষয়ে ১৩ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর মহানগরীতে অবস্থিত বিভিন্ন কোচিং সেন্টারের তালিকা করে তাদের উপর ট্যাক্স নির্ধারণের প্রস্তাব করলে উপস্থিত সকলে একমত পোষণ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে যেসকল প্রতিষ্ঠানের উপর ট্যাক্স নির্ধারণ করা যায় তার একটি পরিচ্ছন্ন তালিকা প্রস্তুতপূর্বক আগামী সাধারণ সভায় উপস্থাপনের পরামর্শ দিলে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে যেসকল প্রতিষ্ঠানের উপর ট্যাক্স নির্ধারণ করা যায় তার একটি পরিচ্ছন্ন তালিকা প্রস্তুতপূর্বক আগামী সাধারণ সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ১১: বাড়ী নির্মাণ সামগ্রী রাখার উপর ফি নির্ধারণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে ০৫ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর বলেন; বর্তমানে পরিচ্ছন্ন বিভাগের মাধ্যমে উল্লিখিত বিষয়টি যে পদ্ধতিতে বাস্তবায়ন হচ্ছে সেভাবেই ভবিষ্যতে বাস্তবায়নের প্রস্তাব দিলে, উপস্থিত সকলে তার সাথে একমত পোষণ করেন। সভার সভাপতি মাননীয় মেয়র মহোদয় বলেন, মহানগরীর অনাকাঙ্খিত জলাবদ্ধতা প্রতিরোধ এবং রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে উক্ত কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন হওয়া প্রয়োজন এবং এবিষয়ে পরিচ্ছন্ন বিভাগ, প্রকৌশল বিভাগসহ ওয়ার্ড সচিবগণের সহযোগিতা একান্ত প্রয়োজন। নাগরিকগণকে সচেতন করার জন্য জুম্মার নামাজের খুতবায় এবিষয়ে আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব দিলে উপস্থিত সকলে তার সাথে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** (ক) রাস্তায় বা সরকারী জায়গায় বাড়ী নির্মাণ সামগ্রী রাখার উপর বর্তমানে যে পদ্ধতি ও ফি নির্ধারণ করা আছে সেভাবেই বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে পরিচ্ছন্ন বিভাগ, প্রকৌশল বিভাগ এবং সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবগন মনিটরিংসহ প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উক্ত কার্যক্রম সম্পর্কে ব্যাপক প্রচারণা ও নাগরিকগণকে সচেতন করার নিমিত্ত মসজিদের সম্মানিত ইমামগণের মাধ্যমে জুম্মার নামাজের খুতবায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নেঃ** প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাসিক।

**আলোচ্যসূচি- ১২: রাজশাহী সিটি কর্পোরেশনের চলমান ও প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ সম্পর্কে অবহিতকরণ**

**আলোচনা : :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান প্রকৌশলী এ বিষয়ে বিস্তারিত উপস্থিত সকলকে অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় অবহিত ও অনুমোদিত হয়েছে মর্মে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** রাজশাহী সিটি কর্পোরেশনের চলমান ও প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ সভায় অবহিতকরণ হয়েছে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী, রাসিক।

আলোচ্যসূচি- ১৩: **Masud Hi-Tech Engineering Ltd. - Tanvir Constructions Ltd. (JV) কর্তৃক বাস্তবায়নাধীন Tender Package No: IIDR-05-a, Tender ID: 504867; Tender Package No: IIDR-06-a, Tender ID: 505011; Tender Package No: IIDR-09-a, Tender ID: 506040; Tender Package No: IIDR-11-a, Tender ID: 506053-প্যাকেজের কাজ বাস্তবায়নের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান প্রকৌশলী এবিষয়ে বিস্তারিত তথ্য উপাত্ত উপস্থাপন করেন। সভার সভাপতি মাননীয় মেয়র মহোদয় উন্নয়ন কাজ তরান্বিত করার লক্ষ্যে Amicable Settelment এর মাধ্যমে বিষয়টি দ্রুত নিস্পত্তির জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে পত্র প্রদানের পরামর্শ প্রদান করলে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** Masud Hi-Tech Engineering Ltd. - Tanvir Constructions Ltd. (JV) কর্তৃক বাস্তবায়নাধীন Tender Package No: IIDR-05-a, Tender ID: 504867; Tender Package No: IIDR-06-a, Tender ID: 505011; Tender Package No: IIDR-09-a, Tender ID: 506040; Tender Package No: IIDR-11-a, Tender ID: 506053-প্যাকেজের কাজের বিষয়ে Amicable Settelment এর মাধ্যমে দ্রুত নিস্পত্তির জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে পত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী, রাসিক।

**আলোচ্যসূচি- ১৪: বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মাননীয় বিচারপতি মরহুম মোহাম্মদ গোলাম রাব্বানী সাহেবের কবরটি স্থায়ীভাবে বরাদ্দের বিষয়ে গত ০৪.১২.২০২২ খ্রিঃ তারিখে জনাবা লুতফুন নেসা কর্তৃক দাখিলকৃত আবেদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা : :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর বলেন; কবর পাকাকরণ/স্থায়ীভাবে বরাদ্দের বিষয়টিকে সবসময় নিরুৎসাহিত করা হয় এবং সেক্ষেত্রে কর্পোরেশন কর্তৃক নির্ধারীত ফি কমানো বা মৌকুফ সমীচীন হবেনা। বিস্তারিত আলোচনায় আবেদনকারীকে কর্পোরেশন কর্তৃক নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে কবর পাকাকরণ/স্থায়ীভাবে বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মাননীয় বিচারপতি মরহুম মোহাম্মদ গোলাম রাব্বানী সাহেবের কবরটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে পাকাকরণ/স্থায়ীভাবে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** প্রধান প্রকৌশলী, রাসিক।

**আলোচ্যসূচি- ১৫: গত ০৮.০৮.২০২৩ খ্রিঃ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশন ও এসপায়ার টু ইনোভেট (a2i) এর মধ্যে স্বাক্ষরিত 'স্মার্ট রাজশাহী সিটি ডেভলপমেন্ট বিনির্মাণ' বিষয়ক সমঝোতা স্মারক অবহিতকরণ**

**আলোচনা :** প্রধান নির্বাহী কর্মকর্তা (প্রনিক) আলোচ্য বিষয়টি সভায় অবহিত করেন। উল্লিখিত সমঝোতা স্মারকখানা কর্পোরেশনের স্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখাসহ সময়োপযোগী হয়েছে এবং সভায় অবহিত ও অনুমোদিত হয়েছে মর্মে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** গত ০৮.০৮.২০২৩ খ্রিঃ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশন ও এসপায়ার টু ইনোভেট (a2i) এর মধ্যে স্বাক্ষরিত 'স্মার্ট রাজশাহী সিটি ডেভলপমেন্ট বিনির্মাণ' বিষয়ক সমঝোতা স্মারকখানা সভায় অবহিত ও অনুমোদিত হয়েছে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

**আলোচ্যসূচি- ১৬:** ফুটপাত অবৈধ দখলদার মুক্তকরণ ও শহরের সৌন্দর্য্য রক্ষায় খাস জমি অবৈধ দখলদার মুক্তকরণে বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট সকলের পদক্ষেপ ও সহযোগীতার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনা : :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ফুটপাত অবৈধ দখলদার মুক্তকরণ ও শহরের সৌন্দর্য্য রক্ষার স্বার্থে সকলের সহযোগীতা কামনা করেন। সভাপতি মাননীয় মেয়র তার সাথে একমত পোষণ করে বলেন স্বাস্থ্যকর পরিবেশবান্ধব মহানগরী গড়ার লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত তালিকাভূক্ত ২১ টি জলাসয় অধিগ্রহণপূর্বক সৌন্দর্য্যবর্ধন করা হবে। যতদিন অধিগ্রহণ না করা হচ্ছে ততদিন কেউ যেন তালিকাভূক্ত জলাসয়গুলিসহ অন্যান্য জলাসয় ভরাট করতে না পারে সেব্যাপারে সকলকে সচেতন থাকার আহবান জানান। বিস্তারিত আলোচনায় অধিগ্রহণপূর্বক সৌন্দর্য্যবর্ধনের জন্য রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক তালিকাভূক্ত ২১টি জলাসয়সহ অন্যান্য জলাসয় রক্ষা এবং ফুটপাত/খাস জমি অবৈধ দখলদার মুক্তকরণে সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** অধিগ্রহণপূর্বক সৌন্দর্য্যবর্ধনের জন্য রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক তালিকাভূক্ত ২১টি জলাসয়সহ অন্যান্য জলাসয় রক্ষা এবং ফুটপাত/খাস জমি অবৈধ দখলদার মুক্তকরণে সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

আলোচ্যসূচি- **১৭: বিবিধ**

**(ক) ২০২২-২০২৩ অর্থ বছরের ভূতাপেক্ষ সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নের জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে অন্তবর্তীকালীন কমিটি গঠন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা : :** আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে বিস্তারিত আলোচনায় সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ধারা ৫২ (কর্পোরেশন প্রয়োজনবোধে কাউন্সিলরগণের মধ্য হইতে অন্যান্য সুনির্দৃষ্ট কার্য সম্পাদনের উদ্দেশ্যে কমিটি গঠন করিতে পারিবে) মোতাবেক নিম্নবর্ণিত কমিটি গঠনের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

(১) জনাব মো: নিয়াম-উল-আযিম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, রাজশাহী সিটি কর্পোরেশন ..আহবায়ক
(২) জনাব সরিফুল ইসলাম বাবু, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১২, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৩) জনাব মো: নজরুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৪) জনাব বেলাল আহমেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬,রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৫) জনাব মো: আব্দুস সোবহান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫,রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৬) জনাব মো: আব্দুল মোমিন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩,রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৭) জনাব মো: তৌহিদুল হক, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৮) জনাব মো: আনোয়ার হোসেন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৯) জনাব রাসেল জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(১০) বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য সচিব

**সিদ্ধান্ত :** ২০২২-২০২৩ অর্থ বছরের ভূতাপেক্ষ সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নের জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে নিম্নবর্ণিত অন্তবর্তীকালীন কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে :** সচিব, রাসিক।

(১) জনাব মো: নিয়াম-উল-আযিম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, রাজশাহী সিটি কর্পোরেশন ..আহবায়ক
(২) জনাব সরিফুল ইসলাম বাবু, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১২, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৩) জনাব মো: নজরুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৪) জনাব বেলাল আহমেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬,রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৫) জনাব মো: আব্দুস সোবহান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫,রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৬) জনাব মো: আব্দুল মোমিন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩,রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৭) জনাব মো: তৌহিদুল হক, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৮) জনাব মো: আনোয়ার হোসেন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(৯) জনাব রাসেল জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য
(১০) বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ..সদস্য সচিব

বিবিধ প্রসঙ্গে আর কোন আলোচনা উত্থাপিত না হওয়ায় প্রধান নির্বাহী কর্মকর্তাকে বক্তব্য প্রদানের আহবান জানালে তিনি বলেন; গৃহীত সিদ্ধান্ত প্রচলিত আইনের সাথে সামঞ্জস্যমূলক হতে হবে। বিধি বহির্ভূত কোন সিদ্ধান্ত ভুলক্রমে গৃহীত হলে তা অকার্যকর এবং বাতিল বলে গণ্য হবে। সভাপতি তার সমাপনী বক্তব্যে বলেন; প্রতিটি আলোচ্যসূচির বিপরীতে গঠনমূলক পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় বিধিবিধান অনুসরণপূর্বক সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ নিশ্চিত করতে হবে। উন্নয়ন কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সভায় দৃষ্টি আকর্ষণ করে উপস্থিত সকলকে দীর্ঘক্ষণ সভায় কার্যকর অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ.এইচ. এম খায়রুজ্জামান লিটন)
মেয়র
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.০৭.০২২.২৩. তারিখ ঃ কার্তিক, ১৪৩০/ অক্টোবর, ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৪। বিভাগীয় প্রধান,....................................................(সকল), রাসিক।

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.০৭.০২২.২৩.                                        তারিখ ঃ     কার্তিক, ১৪৩০/     অক্টোবর, ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব/বেগম---------------------------------------------------------সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/জোন নং---------রাসিক

২। মাননীয় মেয়রের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)

৩। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)

৪। অফিস নথি।

সচিব

রাজশাহী সিটি কর্পোরেশ